

তারিখ: ০৭.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## ওয়েডিং অ্যান্ড লাইফস্টাইল এক্সপোর বর্ণাঢ্য আয়োজন।

এম অ্যান্ড এম বিজনেস কমিউনিকেশন আয়োজিত তিন দিনব্যাপী ‘ওয়েডিং অ্যান্ড লাইফস্টাইল এক্সপো ২০২৫’ শুরু হয়েছে চট্টগ্রাম নগরীর পাঁচ তারকা হোটেল রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউ-তে। বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন। এসময় সিটি মেয়র বলেন নারীর ক্ষমতায়নই টেকসই নগর অর্থনীতির চাবিকাঠি চট্টগ্রামকে যদি বাঁচাতে হয়, তবে আমাদের ব্যবসায়িক সম্প্রদায়কে উজ্জীবিত করতে হবে। তাদের উৎসাহিত করা এবং সহযোগিতা দেওয়ার মধ্য দিয়েই একটি প্রাণবন্ত অর্থনৈতিক পরিবেশ সৃষ্টি করা সম্ভব। আমাদের নারীদের আরও বেশি এগিয়ে আসতে হবে। নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধি টেকসই হয় না। আমি বিশ্বাস করি, আমাদের মেয়েরা যদি আত্মনির্ভর হয়, তবে চট্টগ্রাম হবে একটি সত্যিকারের আধুনিক কমাশিয়াল সিটি। তিনি বলেন, “আমি সবসময় চেষ্টা করি এমন আয়োজনগুলোতে উপস্থিত থেকে চট্টগ্রামের উদ্যোক্তাদের পাশে থাকার বার্তা দিতে। বিদেশি প্রতিনিধিদের সাথেও আমি সবসময় চট্টগ্রামের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা নিয়ে কথা বলি। আমাদের শহর হচ্ছে কমাশিয়াল সিটি—এটা শুধু মুখে নয়, বাস্তবায়নের মাধ্যমে প্রমাণ করতে হবে।” আমাদের শহরে নারীদের জন্য এখনো একটি পূর্ণাঙ্গ শপিং মল বা কমাশিয়াল মার্কেট গড়ে ওঠেনি। সিটি কর্পোরেশনেরও অনেক মার্কেট অসম্পূর্ণ অবস্থায় আছে। আমি চাই এমন একটি সম্পূর্ণ মার্কেট গড়ে উঠুক যেখানে চট্টগ্রামের নারীরা এক জায়গায় সবকিছু পাবেন—এটাই হবে প্রকৃত নগর উন্নয়ন।” ডা. শাহাদাত হোসেন আরও বলেন, “আমাদের অর্থনীতিকে শক্তিশালী করতে হলে অর্থের সঠিক সঞ্চালন প্রয়োজন। এক্সিভিশন ও প্রদর্শনীগুলোর মাধ্যমে আমরা স্থানীয় পণ্য ও সেবাকে জনপ্রিয় করতে পারি। এতে আমাদের টাকার সার্কুলেশন বাড়বে এবং ব্যবসা-বাণিজ্য প্রসারিত হবে।” তিনি আয়োজক মানজুমা মোর্শেদ কে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, “এ ধরনের উদ্যোগ উদ্যোক্তা ও নারীদের অনুপ্রেরণা জোগাবে। আমি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখব। আয়োজক এমঅ্যান্ডএম বিজনেস কমিউনিকেশনের সিইও মানজুমা মোর্শেদ জানান, চট্টগ্রামের বিয়ে মানে রাজকীয় আয়োজন। শুধু বর-কনে নয়, অতিথিরাও নতুন পোশাক ও সাজে এই ঐতিহ্যকে প্রাণবন্ত করে তোলেন। এছাড়া নারীদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য নানামুখী কার্যক্রম পরিচালিত হচ্ছে। ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নানা ধরনের সাহায্য সহযোগিতা প্রদান করা হচ্ছে। নারীরা এখন ও অনলাইন প্ল্যাটফর্মে ব্যবসা করে দেশের অর্থনীতিকে বৃহৎ আকারে ভূমিকা রেখেছে। চট্টগ্রামের জনগণ ওয়েডিং অ্যান্ড লাইফস্টাইল এক্সপোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করেন। আশা করা যায় তাঁদের প্রত্যাশা পূরণ হবে। এ মেলায় অংশ নিচ্ছে ঢাকা, চট্টগ্রাম আন্তর্জাতিক পর্যায়ে স্বনামধন্য ৮০ জনের বেশি উদ্যোক্তা ফ্যাশন ডিজাইনার স্বনামধন্য ব্র্যান্ড প্রতিষ্ঠান ও জুয়েলারি এক্সপার্ট এসময় আরো উপস্থিত ছিলেন পাঁচলাইশ আবাসিক এলাকা কল্যাণ সোসাইটির সাধারণ সম্পাদক আবু সাঈদ সেলিম, মেজবাহ উদ্দিন, শেখ উজার সহ প্রমুখ এবারের এক্সপোতে মনো গোল্ড পার্টনার, বিওয়াইডি সিলভার পার্টনার, দ্য বিজনেস স্ট্যান্ডার্ড মিডিয়া পার্টনার এবং ইন্টেলজা স্টুডিও স্ট্র্যাটেজিক পার্টনার হিসেবে যুক্ত হয়ে আয়োজনটিকে করেছে আরও সমৃদ্ধ ও বর্ণাঢ্য। এই এক্সপোটি চলবে আগামী ৮ নভেম্বর পর্যন্ত। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত।



## জামাল খানে ৬০ অবৈধ ভ্রাম্যমাণ দোকান অপসারণ করল চসিক

নগরীর জামাল খান খাস্তগীর স্কুল থেকে চেরাগি পাহাড় মোড় পর্যন্ত জনভোগান্তি সৃষ্টি করায় ৬০ টি অবৈধ ভ্রাম্যমাণ দোকান অপসারণ এবং বিভিন্ন প্রতিষ্ঠান কে ১৯ হাজার টাকা জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। শুব্রবার চসিকের স্পেশাল ম্যাজিস্ট্রেট মোঃ সোয়েব উদ্দিন খান অভিযান পরিচালনা করেন। অভিযান সম্পর্কে ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, নগরীর অন্যতম ব্যস্ততম সড়ক নগরীর জামাল খান খাস্তগীর স্কুল থেকে চেরাগি পাহাড় মোড় পর্যন্ত অবৈধভাবে ভ্রাম্যমাণ দোকান পরিচালনা করায় জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছিল বিধায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে দোকানগুলো অপসারণ করে চলাচলের পথ উন্মুক্ত করা হয়। পাশপাশি যেসব স্থায়ী দোকানের মালিক অবৈধভাবে নিজ সীমার বাহিরে সম্প্রসারিত করে রাস্তা-ফুটপাথ দখল করেছেন সেগুলোর মালিকদের বর্ধিত অংশ অপসারণের নির্দেশনা দেয়া হয়েছে। নগরীজুড়ে এধরনের অভিযান চলমান থাকবে বলে ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানানো হয়। অভিযানে চসিকের পরিচ্ছন্ন বিভাগ সার্বিক সহায়তা করে।

নগরীর নাসিরাবাদ সানমার ওশান সিটি সংলগ্ন মিস্ট এন্ড গ্রীলার রেস্টুরেন্টের উদ্বোধন করেন সিটি মেয়র ডাঃ শাহাদাত হোসেন। এসময় উপস্থিত ছিলেন এমদাদ হোসেন, সোহরাব হোসেন, শাহাদাত হোসেন, আজাদ হোছাইন, ছালাহ উদ্দিন, মারুফুল হক চৌধুরী জিয়াউর রহমান জিয়া।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮